গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
কর্মসংস্থান-১ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০২৪.২৬.৮৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

বিষয়: নিয়োগানুমতি প্রদান

সূত্র: সূত্র-১: রিক্রুটিং এজেন্ট আল রওশা ইন্টা: (আরএল-২৯০২)-কর্তৃক আবেদনপত্র।
সূত্র-২: ইতালিস্থ বাংলাদেশ দূতাবাস এর পত্র নং: Rec.RM.Ser.2026/22 and 24

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে, ইতালিস্থ বাংলাদেশ দূতাবাসের মতামত সাপেক্ষে রিক্রুটিং এজেন্ট আল রওশা ইন্টা: (আরএল-২৯০২)-এর অনুকূলে সার্বিয়ার ২টি কোম্পানিতে ৪৮০ জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

SL	Company Name	Position	Quantity	Salary (EURO)	Terms and Condition (According to Demand Lettr)
1.	Platforma Cristal 777 Doo Sremska Mitrovica	Cleaning Labour	230 Persons	650 Euro	**Working Hours:** 8 Hours per day. 5 days.
2.	Logikka Artificial Intelligence Solutions d.o.o.	Construction Helper	250 Persons	650 Euro	**Working Hours:** 8 Hours per day. 5 days.
		Total	**480**	**Persons**	

শর্তাবলীঃ

(ক) বাংলাদেশ থেকে সার্বিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সার্বিয়া উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী সার্বিয়ায় পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইতালিস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে;

(গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;

(ঘ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে, যুদ্ধে জড়িত হবে না এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ছ) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে এবং বাংলাদেশ মিশনকে অবহিত করতে হবে;

(জ) নিয়োগকর্তা কর্তৃক সার্বিয়ার বিমান বন্দরে কর্মীদের গ্রহণ নিশ্চিত করতে হবে, তৎপূর্বে তথ্যাদি ইতালিস্থ বাংলাদেশ দূতাবাসকে ইমেইলে বা পত্র দিয়ে অবগত করতে হবে।;

(ঝ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা ইতালিস্থ বাংলাদেশ দূতাবাস এবং বিএমইটিতে দাখিল করতে হবে; এবং

(ঞ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ট) ইতালিস্থ বাংলাদেশ দূতাবাস নিয়োগ পরবর্তী প্রতিবেদন প্রেরণ করবে।

০৪-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন : ০২-৪১০৩০২৪২
ইমেইল : dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০২৪.২৬.৮৫/১ (৮)

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। প্রথম সচিব (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রাশিয়া।
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। ব্যবস্থাপনা অংশীদার, রিক্রুটিং এজেন্ট আল রওশা ইন্টা: (আরএল-২৯০২)।
৮। অফিস কপি।

০৪-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব